



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০৩.২১.৭

তারিখ: ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের চূড়ান্ত কপি অনলাইনে আপলোড/প্রকাশ করা প্রসঙ্গে।

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের চূড়ান্ত কপি অনলাইনে আপলোড করা হয়েছে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডের চূড়ান্ত কপি www.jessoreboard.gov.bd ওয়েব সাইটে Our Service অপশনে প্রবেশ করে Final Reg. Card-23,24 তারপর স্ব স্ব কলেজের EIIN নম্বর এবং পাসওয়ার্ড দ্বারা প্রবেশ করে ২৮-০১-২০২৫ তারিখ থেকে ২৬-০২-২০২৫ তারিখ পর্যন্ত ডাউনলোড করা যাবে।

উল্লেখ্য উক্ত সময়ের মধ্যে কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের বিষয়/বিভাগ/ছবি পরিবর্তন বা সংশোধনের প্রয়োজন থাকলে বিষয়/বিভাগ/ছবি পরিবর্তন বা সংশোধনের নির্ধারিত আবেদন ফরমে(ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আবেদন ফরম পাওয়া যাবে) আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদনপত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি এবং নিবন্ধিত বিষয় যাচাই করে অনলাইনে এ বোর্ডের ওয়েব সাইটে Our Services অংশে Institute Panel থেকে Group & Subject change লিংকে শিক্ষার্থীর আবেদন 'সাবমিট' করবেন। শিক্ষার্থীর প্রার্থিত বিষয়ে সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা যাচাই করে নিশ্চিত হয়ে আবেদন সাবমিট করতে হবে। অনলাইনে আবেদন সাবমিট করার পর সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে অটোজেনারেটেড রশিদে নির্ধারিত ৮০০/- (আটশত টাকা) ফি পরিশোধ করতে হবে।

বি.দ্র. : বিষয় নির্বাচনের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম-২০১২ এর একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয় কাঠামো অনুসরণ করে শাখাভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয় এবং শাখাভিত্তিক একটি ঐচ্ছিক বিষয় নির্বাচন করতে হবে।

আবেদন দাখিলের লিংক : institute.jessoreboard.gov.bd->Group & subject change->Create Application)

উল্লেখ্য উক্ত সময়ের মধ্যে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড/প্রিন্ট করতে ব্যর্থ হলে এবং এ জন্য পরবর্তীতে উদ্ভূত কোনো প্রকার জটিলতা তৈরি হলে তার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২৩-০১-২০২৫

এস. এম. তৌহিদুজ্জামান

কলেজ পরিদর্শক

০২৪৭৭৬২৬৯৮

ic@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন, সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

২। একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

৩। সেকশন অফিসার (চলতি দায়িত্ব), কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

